



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২০/১০৪

তাং ০৩/০৭/২০২০ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ করোনা ভাইরাস বৈশ্বিক মহামারি মোকাবেলায় কিছু পণ্য সমূহের উপর আরোপনীয় সমুদয় আমদানী শুল্ক, রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর, আগাম কর এবং অগ্রীম আয়কর হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের মহামারী মোকাবেলায় অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক গত "১৪ মে, ২০২০ইং তারিখে এস, আর, ও নং-১১৮-আইন/২০২০/৭০/কাস্টমস" জারী করা হয় যার মেয়াদ ছিল ৩০ জুন, ২০২০ইং তারিখ পর্যন্ত। কিন্তু করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কথা বিবেচনা করে এস, আর, ও নং-১৮৪-আইন/২০২০/৯৩ তারিখঃ ৩০ জুন, ২০২০ এর মাধ্যমে শুল্কমুক্ত পণ্য আমদানীর সুবিধা 'এর মেয়াদ ৩০শে সেপ্টেম্বর, ২০২০ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৮৪-আইন/২০২০/৯৩/কাস্টমস, তারিখঃ ৩০ জুন, ২০২০ এতদসঙ্গে আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য সংযুক্ত করা হলো।

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## (কাস্টমস)

## প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও.নং ১৮৪-আইন/২০২০/৯৩/কাস্টমস।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, Customs Act, 1969 এর FIRST SCHEDULE -ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত Table-1, Table-2 ও Table-3 এর কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক (CD), রেগুলেটরি ডিউটি (RD), সম্পূরক শুল্ক (SD), মূল্য সংযোজন কর (VAT), আগাম কর (AT) এবং অগ্রিম আয়কর (AIT) প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথা:—

Table-1

Heading (1)	H.S. Code (2)	Description (3)
29.05	2905.12.90	Isopropyl Alcohol
56.02	5602.90.00	Felt of textile materials
56.03	5603.11.90	Non-woven, of man-made filaments, weighing not more than 25g/m <sup>2</sup>
	5603.12.90	Non-woven, of man-made filaments, weighing >25g/m <sup>2</sup> but ≤70g/m <sup>2</sup>
	5603.13.90	Non-woven, of man-made filaments, weighing >70g/m <sup>2</sup> but ≤150g/m <sup>2</sup>
	5603.14.00	Non-woven, of man-made filaments, weighing >150g/m <sup>2</sup>
	5603.92.90	Non-woven, other than man-made filaments, weighing >25g/m <sup>2</sup> but ≤70g/m <sup>2</sup>
	5603.93.00	Non-woven, other than man-made filaments, weighing >70g/m <sup>2</sup> but ≤150g/m <sup>2</sup>
	5603.94.00	Non-woven, other than man-made filaments, weighing >150g/m <sup>2</sup>
59.03	5903.10.90	Other fabrics impregnated with polyvinyl chloride
63.07	6307.90.00	Ear Band for Mask
73.12	7312.90.00	Nose protector clip mask

**Table-2**

<b>Heading</b>	<b>H.S. Code</b>	<b>Description</b>
<b>(1)</b>	<b>(2)</b>	<b>(3)</b>
56.02	5602.90.00	Felt of textile materials
56.03	5603.11.90	Non-woven, of man-made filaments, weighing not more than 25g/m <sup>2</sup>
	5603.12.90	Non-woven, of man-made filaments, weighing >25g/m <sup>2</sup> but ≤70g/m <sup>2</sup>
	5603.13.90	Non-woven, of man-made filaments, weighing >70g/m <sup>2</sup> but ≤150g/m <sup>2</sup>
	5603.14.00	Non-woven, of man-made filaments, weighing >150g/m <sup>2</sup>
	5603.92.90	Non-woven, other than man-made filaments, weighing >25g/m <sup>2</sup> but ≤70g/m <sup>2</sup>
	5603.93.00	Non-woven, other than man-made filaments, weighing >70g/m <sup>2</sup> but ≤150g/m <sup>2</sup>
	5603.94.00	Non-woven, other than man-made filaments, weighing >150g/m <sup>2</sup>
59.03	5903.10.90	Other fabrics impregnated with polyvinyl chloride

**Table-3**

<b>Heading</b>	<b>H.S. Code</b>	<b>Description</b>
<b>(1)</b>	<b>(2)</b>	<b>(3)</b>
30.02	3002.15.00	COVID-19 Test kits based on immunological reactions
38.08	3808.94.91	Disinfectants in bulk (Excluding for Dairy, Poultry and Agricultural)
38.22	3822.00.00	COVID-19 Test kits based on polymerase chain reaction (PCR) nucleic acid test
39.26	3926.20.90	Protective garments made from plastic sheeting
	3926.20.90	Plastic face shields (covering more than the eye area)
63.07	6307.90.00	N95 mask or KN95 mask
90.04	9004.90.00	Protective spectacles and goggles
90.20	9020.00.00	Other breathing appliances and gas mask
90.27	9027.80.00	COVID-19 Diagnostic Test instruments and apparatus

**শর্তাবলি**

- (ক) Table-1 এ বর্ণিত কোনো পণ্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে industrial IRC holder pharmaceutical industry অথবা industrial IRC holder medical instruments manufacturer হইতে হইবে;
- (খ) Table-2 এ বর্ণিত কোনো পণ্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে industrial IRC holder garments manufacturer অথবা industrial IRC holder textile industry হইতে হইবে;
- (গ) Table-1, Table-2 ও Table-3 এ উল্লিখিত কোনো পণ্য আমদানির ক্ষেত্রে উহার পরিমাণ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হইতে হইবে;
- (ঘ) Table-2 এ বর্ণিত কোনো পণ্য industrial IRC holder garments manufacturer কর্তৃক আমদানির ক্ষেত্রে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এবং industrial IRC holder textile industry কর্তৃক আমদানির ক্ষেত্রে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) এর প্রত্যয়নপত্র শুল্কায়নের সময়ে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনে দাখিল করিতে হইবে;
- (ঙ) আমদানিকৃত পণ্যসমূহ মানসম্মত কিনা উহা ঔষধ প্রশাসন অধিদপ্তর নিশ্চিত ও নিয়মিত মনিটরিং করিবে; এবং
- (চ) মেয়াদ শেষে এই প্রজ্ঞাপনের আওতায় শুল্কমুক্ত সুবিধায় আমদানিকৃত পণ্যসমূহের আমদানিকারক এবং অনুমোদিত পরিমাণের তথ্য সম্বলিত প্রতিবেদন ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস (নীতি) শাখা বরাবর দাখিল করিতে হইবে।
- ২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।